# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
# বার্ষিক অডিট রিপোর্ট

অর্থ বৎসর ঃ ২০০৫-২০০৬

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## প্রথম খন্ড
## অডিটের সংক্ষিপ্ত সার
## (Executive Summary)

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন, ঢাকা।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত
আহমেদ আতাউল হাকিম
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

তারিখঃ ...০৮-০২-১৪১৫ বঃ... বঙ্গাব্দ
২২-০৫-২০০৮ খ্রিঃ খ্রিষ্টাব্দ

# মহাপরিচালকের মন্তব্য

মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন প্রতিষ্ঠানের ২০০৫-০৬ অর্থ বৎসরের হিসাব নিরীক্ষা বিভিন্ন সময়ে সম্পন্ন করা হয়। নিরীক্ষা সমাপনান্তে মোট ১৬৬টি অনুচ্ছেদের সমন্বয়ে জড়িত অর্থের পরিমান ৬,৭৫,১২,০৮০/- টাকার বিপরীতে আলোচ্য অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানের হিসাব নমুনায়নের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা সমূহের যে সকল আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হয়েছে তা উত্থাপিত সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই প্রতিফলন মাত্র। সুতরাং এ প্রতিবেদনের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তা কোন মতেই প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলা সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত অফিসগুলির ক্ষেত্র বিশেষে সরকারি বিধি-বিধান পরিপালন না করা, সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হয়েছে। অডিট পর্যবেক্ষণের সাথে জড়িত অর্থ আদায়ের বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষের কার্যক্রম তরান্বিত করা হলে সরকারি কোষাগারে উল্লিখিত রাজস্ব জমা করা সম্ভব।

স্বাক্ষরিত

তারিখঃ ........২৫-০১-১৪১৫ বঃ বঙ্গাব্দ
০৮-০৫-২০০৮ খ্রিঃ খ্রিষ্টাব্দ

মোঃ মোসলেম উদ্দীন
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

# অডিটের পটভূমি

## (Background of Audit)

| | | |
|---|---|---|
| নিরীক্ষা অর্থ বৎসর<br>**(Audited Year)** | ঃ | ২০০৫-২০০৬ |
| নিরীক্ষিত প্রতিষ্ঠান<br>**(Audited Units)** | ঃ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| নিরীক্ষার প্রকৃতি<br>**(Nature of Audit)** | ঃ | বাৎসরিক আর্থিক ও পরিপালন অডিট<br>(Yearly Financial & Compliance Audit) |
| নিরীক্ষা পদ্ধতি<br>**(Audit Methodology)** | ঃ | বিশ্লেষণাত্মক<br>(Analytical) |
| অডিট কৌশল<br>**(Audit Approach)** | ঃ | নমুনায়নের মাধ্যমে স্থানীয়ভাবে ভাউচিং অডিট<br>(Local Vouching Audit by Sampling) |
| নিরীক্ষা তথ্য সংগ্রহ কৌশল<br>**(Audit Information collection Technique)** | ঃ | চাহিদাপত্র ইস্যুকরণ ও রেকর্ডপত্রের দৈবচয়ন যাচাই<br>(Issuance of Requisition of records and Random Examination of Records) |
| নিরীক্ষা তথ্য সমূহের ধরণ<br>**(Pattern of Audit Information)** | ঃ | মাঠ পর্যায়ে প্রাপ্ত মৌলিক তথ্য সমূহ<br>(Basic information found at field level) |

# অডিট ফাইন্ডিংস-এর সংক্ষিপ্তসার
# (Summary of Audit Findings)

| অনুচ্ছেদ নং | সংস্থা /প্রতিষ্ঠান | নিরীক্ষিত অর্থ বৎসর | অনিয়মের বিবরণ | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ০৪টি জেলা পরিষদ, ২১টি পৌরসভা ও ০১টি উপজেলা পরিষদ | ২০০৫-০৬ | সরকারি বিধি মোতাবেক ভ্যাট অনাদায়ে সরকারের রাজস্ব ক্ষতি | ৯৩,৪০,৩৫০/- |
| ২. | ১টি সিটি করপোরেশন, ৫টি জেলা পরিষদ, ১০টি পৌরসভা ও ১টি উপজেলা পরিষদ | ২০০৫-০৬ | কর্তনকৃত ভ্যাট সরকারি খাতে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি | ১,৬৫,৬৩,৬২০/- |
| ৩. | ৩টি জেলা পরিষদ, ২টি পৌরসভা ও ১টি উপজেলা পরিষদ | ২০০৫-০৬ | নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় এবং কম কর্তন করায় রাজস্ব ক্ষতি। | ১২,৭৮,১০৪/- |
| ৪. | ১টি সিটি কর্পোরেশন, ৫টি জেলা পরিষদ ও ৯টি পৌরসভা | ২০০৫-০৬ | কর্তনকৃত আয়কর সরকারি খাতে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি | ৭৭,৬৮,৭৬৪/- |
| ৫. | ১০টি জেলা পরিষদ ও ৫টি পৌরসভা | ২০০৫-২০০৬ | এডিপি খাতের অর্থ সিডিউল ব্যাংকে জমার বিপরীতে অর্জিত সুদ সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি | ৬৩,৩১,৩০৭/- |
| ৬. | ১টি সিটি কর্পোরেশন, ২৪টি জেলা পরিষদ, ৩৯ টি পৌরসভা ও ৪টি উপজেলা প্রকৌশল অফিস | ২০০৫-০৬ | এডিপিভুক্ত প্রকল্পে টেন্ডার সিডিউল বিক্রির টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি | ২,২৩,৬৮,২৪৫/- |
| ৭. | ১০টি পৌরসভা | ২০০৫-২০০৬ | হাট বাজার ইজারালব্ধ অর্থের ৫% হারে সেলামী স্বরূপ অর্থ সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি | ২০,৪৯,২৫১/- |

| অনুচ্ছেদ নং | সংস্থা /প্রতিষ্ঠান | নিরীক্ষিত অর্থ বৎসর | অনিয়মের বিবরণ | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ৮. | ৩টি পৌরসভা | ২০০৫-০৬ | বিভিন্ন আদায় রশিদের মাধ্যমে অর্থ আদায় করে সংস্থার তহবিলে জমা করা হয়নি। | ৮,৮৯,৩১৯/- |
| ৯. | ৪টি পৌরসভা | ২০০৫-০৬ | হাট বাজার ইজারা মূল্যের ৪% অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা এর সঞ্চয়ী হিসাব নং- ৫৬৩০ সোনালী ব্যাংক, মগবাজার শাখায় প্রেরণ করা হয়নি। | ৬,৪৭,১৯৩/- |
| ১০. | টঙ্গী পৌরসভা, টঙ্গী গাজীপুর | ২০০৫-০৬ | কর্মচারীদের নামে পরিচালিত জীবন বীমা প্রিমিয়ামের টাকা পৌর তহবিল থেকে পরিশোধ করায় সংস্থার ক্ষতি | ২,৭৫,৯২৭/- |
| | | | সর্বমোট = | ৬,৭৫,১২,০৮০/- |

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ( Causes of Irregularities and Losses) ঃ-

- ক্ষেত্র বিশেষে সরকারি বিধি-বিধান পরিপালন না করা।
- সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দূর্বলতা।

## ম্যানেজমেন্ট ইস্যু (Management Issues)-

আলোচ্য প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে শৈথিল্য পরিলক্ষিত হয়েছে ঃ-

- বিধি মোতাবেক হিসাব সংরক্ষণ করা হয়নি।
- সরকারের প্রাপ্তি কোষাগারে জমা করা হয়নি।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি।
- দূর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা।
- পূর্ববর্তী অডিট আপত্তিসমূহের উপর গুরুত্বারোপ না করা।

## অডিট সুপারিশ (Recommendations)

- সরকারের আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- সরকারি প্রাপ্তি কোষাগারে জমা নিশ্চিত করা আবশ্যক।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের তদারকি জোরদার করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা জোরদার করা প্রয়োজন ।
- প্রতিষ্ঠানের আয় বাড়ানো সহ সরকারি পাওনা যথাযথভাবে কোষাগারে জমা নিশ্চিত করা আবশ্যক।

♦♦♦♦

বাঃসঃমুঃ- ২০০৭/০৮-৪৪৮৮কম/এ-৭৫০বই, ২০০৮।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
বার্ষিক অডিট রিপোর্ট

অর্থ বৎসর ঃ ২০০৫-২০০৬

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

# দ্বিতীয় খন্ড

# অডিট আপত্তিসমূহ
# (Audit Objections)

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন, ঢাকা।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১.০ | বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর মন্তব্য | ক |
| ২.০ | অডিট ফাইন্ডিংস-এর সংক্ষিপ্তসার | গ |
| ৩.০ | অনুচ্ছেদ ভিত্তিক বিস্তারিত বিবরণ | ১-৮ |

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত

আহমেদ আতাউল হাকিম
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

তারিখঃ ০৮-০২-১৪১৫ বঃ........ বঙ্গাব্দ
২২-০৫-২০০৮ খ্রিঃ খ্রিষ্টাব্দ

গ

# অডিট ফাইন্ডিংস-এর সংক্ষিপ্তসার
## (Summary of Audit Findings)

| অনুচ্ছেদ নং | সংস্থা /প্রতিষ্ঠান | নিরীক্ষিত অর্থ বৎসর | অনিয়মের বিবরণ | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ০৪টি জেলা পরিষদ, ২১টি পৌরসভা ও ০১টি উপজেলা পরিষদ | ২০০৫-০৬ | সরকারি বিধি মোতাবেক ভ্যাট অনাদায়ে সরকারের রাজস্ব ক্ষতি | ৯৩,৪০,৩৫০/- |
| ২. | ১টি সিটি করপোরেশন, ৫টি জেলা পরিষদ, ১০টি পৌরসভা ও ১টি উপজেলা পরিষদ | ২০০৫-০৬ | কর্তনকৃত ভ্যাট সরকারি খাতে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি | ১,৬৫,৬৩,৬২০/- |
| ৩. | ৩টি জেলা পরিষদ, ২টি পৌরসভা ও ১টি উপজেলা পরিষদ | ২০০৫-০৬ | নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় এবং কম কর্তন করায় রাজস্ব ক্ষতি। | ১২,৭৮,১০৪/- |
| ৪. | ১টি সিটি কর্পোরেশন, ৫টি জেলা পরিষদ ও ৯টি পৌরসভা | ২০০৫-০৬ | কর্তনকৃত আয়কর সরকারি খাতে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি | ৭৭,৬৮,৭৬৪/- |
| ৫. | ১০টি জেলা পরিষদ ও ৫টি পৌরসভা | ২০০৫-২০০৬ | এডিপি খাতের অর্থ সিডিউল ব্যাংকে জমার বিপরীতে অর্জিত সুদ সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি | ৬৩,৩১,৩০৭/- |
| ৬. | ১টি সিটি কর্পোরেশন, ২৪টি জেলা পরিষদ, ৩৯ টি পৌরসভা ও ৪টি উপজেলা প্রকৌশল অফিস | ২০০৫-০৬ | এডিপিভুক্ত প্রকল্পের টেন্ডার সিডিউল বিক্রির টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি | ২,২৩,৬৮,২৪৫/- |
| ৭. | ১০টি পৌরসভা | ২০০৫-২০০৬ | হাট বাজার ইজারালব্ধ অর্থের ৫% হারে সেলামী স্বরূপ অর্থ সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি | ২০,৪৯,২৫১/- |

| অনুচ্ছেদ নং | সংস্থা /প্রতিষ্ঠান | নিরীক্ষিত অর্থ বৎসর | অনিয়মের বিবরণ | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ৮. | ৩টি পৌরসভা | ২০০৫-০৬ | বিভিন্ন আদায় রশিদের মাধ্যমে অর্থ আদায় করে সংস্থার তহবিলে জমা করা হয়নি। | ৮,৮৯,৩১৯/- |
| ৯. | ৪টি পৌরসভা | ২০০৫-০৬ | হাট বাজার ইজারা মূল্যের ৪% অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা এর সঞ্চয়ী হিসাব নং- ৫৬৩০ সোনালী ব্যাংক, মগবাজার শাখায় প্রেরণ করা হয়নি। | ৬,৪৭,১৯৩/- |
| ১০. | টঙ্গী পৌরসভা, টঙ্গী গাজীপুর | ২০০৫-০৬ | কর্মচারীদের নামে পরিচালিত জীবন বীমা প্রিমিয়ামের টাকা পৌর তহবিল থেকে পরিশোধ করায় সংস্থার ক্ষতি। | ২,৭৫,৯২৭/- |
| | | | সর্বমোট = | ৬,৭৫,১২,০৮০/- |

অনুচ্ছেদ নং- ১

**আপত্তির শিরোনাম ঃ সরকারি বিধি মোতাবেক ভ্যাট অনাদায়ে সরকারের ৯৩,৪০,৩৫০/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** ০৪টি জেলা পরিষদ, ২১টি পৌরসভা ও ০১টি উপজেলা পরিষদের ২০০৫-০৬ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় পরিশোধিত ভাউচার ও প্রাসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় দেয়া যায় যে, উল্লিখিত প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন কাজের জন্য পরিশোধিত অর্থের উপর সরকার কর্তৃক আরোপিত ভ্যাট আদায় না করায় সরকারের ৯৩,৪০,৩৫০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-' ১ ' তে প্রদত্ত।
আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-প্রজেই-২/হ-৫/২০০০/৪০৮(৫২৭২) তাং- ২০/৭/০২ এর অনুঃ ৯
- জাতীয় রাজস্ব বোর্ড স্মারক নং- ২/২ ছাপাখানা/মূসক ঃ বাস্তঃ সেবা ও আবঃ/৯৬ তাং- ২/৮/৯৯।
- জাতীয় রাজস্ব বোর্ডের মূল্য সংযোজন কর বিধিমালা/২০০৪, তাং- ১০/৬/০৪

উল্লিখিত বিধি মোতাবেক পরিশোধিত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য হারে ভ্যাট কর্তন বাধ্যতামূলক।

**অনিয়মের প্রকৃতি ঃ** ভ্যাট অনাদায়ের ফলে রাজস্ব ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে নিরীক্ষিত অফিসসমূহ আপত্তির যথার্থতা স্বীকার করে ভ্যাটের টাকা আদায় করতঃ সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে উল্লেখ করে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণ স্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে আধা-সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৩৯৩, ৩৯৫, ৩৯৭, ৪০২, ৪০৩ তাং- ১১/৩/০৭, ২২/৩/০৭, ৬/৫/০৭, ২৭/৬/০৭, ১২/১১/০৭, ১৯/১১/০৭ জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত ৯৩,৪০,৩৫০/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ২

**আপত্তির শিরোনাম ঃ** **কর্তনকৃত ভ্যাট সরকারি খাতে জমা না করায় সরকারের ১,৬৫,৬৩,৬২০/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** ১টি সিটি করপোরেশন, ৫টি জেলা পরিষদ, ১০টি পৌরসভা ও ১টি উপজেলা পরিষদ এর ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, ঠিকাদারের বিল হতে কর্তনকৃত ভ্যাট বাবদ ১,৬৫,৬৩,৬২০/- টাকা সরকারি কোষাগারে জমা না করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলে জমা রাখা হয়েছে। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-'২' তে প্রদত্ত।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- বাংলাদেশ ট্রেজারী রুলস্ ১ম খন্ডের এস,আর ৭(ক)

**অনিয়মের প্রকৃতি ঃ** সরকারি বিধি অনুযায়ী আদায়কৃত অর্থ কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে কোন কোন স্থানীয় অফিস জানায় যে, কর্তনকৃত আয়কর সরকারি কোষাগারে জমা করা হবে এবং কতিপয় অফিস জানায় যে, নথিপত্র যাচাই করে পরবর্তীতে জানানো হবে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** নিরীক্ষা আপত্তি অনুযায়ী ব্যবস্থা গৃহীত না হওয়ায় বিষয়টি গুরুত্বর আর্থিক অনিয়ম আকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করা হয়। পরবর্তীতে তাগিদসহ সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে আধা-সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৩৯৩, ৩৯৪, ৩৯৭, ৪০২, ৪০৩ তাং- ১১/৩/০৭, ২২/৩/০৭, ১৯/৪/০৭, ২৭/৬/০৭, ১২/১১/০৭, ১৯/১১/০৭ জারি করা সত্ত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি। ফলে সরকার বিপুল রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত **১,৬৫,৬৩,৬২০/-** টাকা অবিলম্বে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৩

আপত্তির শিরোনাম ঃ **নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় এবং কম কর্তন করায় ১২,৭৮,১০৪/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** ৩টি জেলা পরিষদ, ২টি পৌরসভা ও ১টি উপজেলা পরিষদ এর ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় বিল/ভাউচার পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, বিধি মোতাবেক আয়কর আদায় না করা/কম আদায় করার ফলে সরকারের মোট ১২,৭৮,১০৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-'৩' তে প্রদত্ত।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং- প্রজেই-২/হ-৫/২০০০/৪০৮(৫২৭২) তাং- ২০/৭/২০০২ এর অনুঃ ৯ (খ)
- জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার স্মারক নং- এস.আর.ও নং-৬/আইন/২০০২ তাং- ৫/১/২০০২

উল্লিখিত বিধি মোতাবেক আয়কর কর্তন করা বাধ্যতামূলক।

**অনিয়মের প্রকৃতি ঃ** আয়কর অনাদায়ের ফলে রাজস্ব ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে নিরীক্ষিত অফিসসমূহ আপত্তির যথার্থতা স্বীকার করে আপত্তিকৃত টাকা আদায়ের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে উল্লেখ করে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** আপত্তিকৃত অর্থ আদায়ের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণের প্রমাণ স্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে আধা-সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৩৯৩, ৩৯৫, ৪০২, ৪০৩, ৪৯১, ৪৯৭, তাং- ১১/৩/০৭, ২২/৩/০৭, ১২/১১/০৭, ১৯/১১/০৭, ১৯/২/০৭, ৬/৫/০৭, ২৭/৬/০৭ মূলে জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত ১২,৭৮,১০৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৪

**আপত্তির শিরোনাম ঃ** **কর্তনকৃত আয়কর সরকারি খাতে জমা না করায় সরকারের ৭৭,৬৮,৭৬৪/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** ১টি সিটি কর্পোরেশন, ৫টি জেলা পরিষদ ও ৯টি পৌরসভার ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, ঠিকাদারের বিল হতে **কর্তনকৃত আয়কর বাবদ ৭৭,৬৮,৭৬৪/-** টাকা সরকারি কোষাগারে জমা না করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলে জমা রাখা হয়েছে। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-' ৪' তে প্রদত্ত।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- বাংলাদেশ ট্রেজারী রুলস্ ১ম খন্ডের এস,আর ৭(ক)

**অনিয়মের প্রকৃতি ঃ**- সরকারি বিধি অনুযায়ী আদায়কৃত অর্থ কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে কোন কোন স্থানীয় অফিস জানায় যে, কর্তনকৃত আয়কর সরকারি কোষাগারে জমা করা হবে এবং কতিপয় অফিস জানায় যে, নথিপত্র যাচাই করে পরবর্তীতে জানানো হবে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** নিরীক্ষা আপত্তি অনুযায়ী ব্যবস্থা গৃহীত না হওয়ায় বিষয়টি গুরুত্বর আর্থিক অনিয়ম আকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করা হয়। পরবর্তীতে তাগিদসহ সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে আধা-সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৩৯৩, ৩৯৪, ৪০২, ৪০৩ তাং- ১১/৩/০৭, ২২/৩/০৭, ১৯/৪/০৭, ১২/১১/০৭, ১৯/১১/০৭ জারি করা সত্ত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি। ফলে সরকার বিপুল রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত **৭৭,৬৮,৭৬৪/-** টাকা অবিলম্বে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৫

আপত্তির শিরোনাম ঃ **এডিপি খাতের অর্থ সিডিউল ব্যাংকে জমার বিপরীতে অর্জিত সুদ বাবদ ৬৩,৩১,৩০৭/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** ১০টি জেলা পরিষদ ও ৫টি পৌরসভার ২০০৫-২০০৬ সনের হিসাব নিরীক্ষাকালে প্রাপ্তি ও পরিশোধ বিবরনী পর্যালোচনায় দেখা যায় যে, সিডিউল ব্যাংকে জমাকৃত এডিপি খাতের বরাদ্দকৃত টাকার উপর সুদ বাবদ প্রাপ্ত ৬৩,৩১,৩০৭/- টাকা সরকারি কোষাগারে জমা না করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলে জমা রাখা হয়েছে। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-'৫' তে প্রদত্ত।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- অর্থ মন্ত্রনালয়ের স্মারক নং- অম/অবি/উঃ প্রঃ শাঃ/৩/৯৪/৪৫৩(২০০) তাং- ২৩/১০/৯৪
  উল্লিখিত বিধি মোতাবেক অর্জিত সুদ সরকারি কোষাগারে জমা করা বাধ্যতামূলক।

**অনিয়মের প্রকৃতি ঃ** সরকারি নির্দেশ পরিপালন না করায় রাজস্ব ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে নিরীক্ষিত অফিসসমূহ আপত্তির যথার্থতা স্বীকার করে রেকর্ডপত্র পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানিয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** পর্যালোচনা পূর্বক সরকারি খাতে জমা করার প্রমাণ স্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসাবে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবরে আধা সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৩৯৩, ৩৯৪, ৩৯৭, ৪০২ তাং- ১১/৩/০৭, ২২/৩/০৭, ১৯/৪/০৭, ২৭/৬/০৭, ১২/১১/০৭ জারি করা সত্ত্বেও এতদবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত ৬৩,৩১,৩০৭/- টাকা অতি সত্বর সরকারি কোষাগারে জমা দেয়া আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৬

**আপত্তির শিরোনাম ঃ** **এডিপিভুক্ত প্রকল্পের টেন্ডার সিডিউল বিক্রির ২,২৩,৬৮,২৪৫/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** ১টি সিটি কর্পোরেশন, ২৪টি জেলা পরিষদ, ৩৯ টি পৌরসভা ও ৪টি উপজেলা প্রকৌশল অফিসের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, এডিপিভুক্ত প্রকল্পের টেন্ডার সিডিউল বিক্রির ২,২৩,৬৮,২৪৫/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-' ৬ ' তে প্রদত্ত।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- অম/অবি/উবা-১/কর্মসূচী ১১৬/০২/১০৫১ তাং- ৪/৪/০৫

উল্লিখিত বিধি মোতাবেক সিডিউল বিক্রীর টাকা সরকারি কোষাগারে জমা করা বাধ্যতামূলক।

**অনিয়মের প্রকৃতি ঃ** সিডিউল বিক্রীর টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে নিরীক্ষিত অফিসসমূহ আপত্তির যথার্থতা স্বীকার করেছে এবং উক্ত অর্থ চালানের মাধ্যমে জমা/রেকর্ডপত্র যাচাই পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানিয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** সরকারি খাতে জমা করার প্রমাণ স্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসাবে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের বরাবরে আধা সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৭, ৪০২, ৪০৩ তাং- ১১/৩/০৭, ২২/৮/০৭, ১৯/৪/০৭, ৬/৫/০৭, ২৭/৬/০৭, ১২/১১/০৭, ১৯/১১/০৭ জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত ২,২৩,৬৮,২৪৫/- টাকা অতিসত্বর সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৭

**আপত্তির শিরোনাম ঃ** **হাট বাজার ইজারালব্ধ অর্থের ৫% হারে সেলামী স্বরূপ অর্থ সরকারি কোষাগারে জমা না করায় ২০,৪৯,২৫১/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** **১০টি** পৌরসভার ২০০৫-২০০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, হাট-বাজার ইজারালব্ধ অর্থের ৫% হারে সেলামীর অর্থ সরকারের ভূমি রাজস্ব খাতভুক্ত কোড নং- ১/৪৬৩১/০০০০/১২৩১-তে জমা না করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলে জমা রাখা হয়েছে। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-' ৭' তে প্রদত্ত।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং- প্রজেই-২/হ-৫/২০০০/৪০৮ (৫২৭২) তাং- ২০/০৭/০২ এর অনুঃ ৩।

**অনিয়মের প্রকৃতি ঃ**- সরকারি নির্দেশ পরিপালন না করায় রাজস্ব ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে স্থানীয় অফিস সমূহ জানায় যে, অতি শীঘ্রই সেলামীর অর্থ সরকারি কোষাগারে জমাদানের ব্যবস্থা নেয়া হবে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** স্থানীয় অফিসের জবাব অনুযায়ী ব্যবস্থা গৃহীত না হওয়ায় বিষয়টি অগ্রিম অনুচ্ছেদ আকারে প্রশাসনিক মন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট পৌর চেয়ারম্যানদেরকে অবহিত করা হয়। একই বিষয়ে পরবর্তীতে তাগিদসহ সর্বশেষ ব্যবস্থা হিসাবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব বরাবরে আধা-সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৩৯৪, ৪০৩ তাং- ১১/৩/০৭, ১৯/৪/০৭, ১৯/১১/০৭ জারি করা সত্ত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত **২০,৪৯,২৫১/-** টাকা অতি সত্বর সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৮

**আপত্তির শিরোনাম ঃ** **বিভিন্ন আদায় রশিদের মাধ্যমে ৮,৮৯,৩১৯/- টাকা আদায় করে সংস্থার তহবিলে জমা করা হয়নি।**

**বিষয়বস্তু ঃ** ৩টি পৌরসভার ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, আদায়কারীগণ কর্তৃক বিভিন্ন রশিদের মাধ্যমে **৮,৮৯,৩১৯/-** টাকা আদায় করা হয়। কিন্তু উক্ত টাকা সংস্থার তহবিলে জমা করা হয়নি। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট '৮ ' তে প্রদত্ত।

**অনিয়মের প্রকৃতি ঃ**- সংস্থার আর্থিক ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্যঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে কোন কোন স্থানীয় অফিস জানায় যে, এ বিষয়ে যাচাই করে পৌর তহবিলে জমার ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** আদায়কৃত টাকা সংস্থার তহবিলে জমা করার কোন প্রমাণক পাওয়া যায়নি। নিরীক্ষা আপত্তি অনুযায়ী ব্যবস্থা গৃহীত না হওয়ায় বিষয়টি গুরুত্বর আর্থিক অনিয়ম আকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করা হয়। পরবর্তীতে তাগিদসহ সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে আধা-সরকারি পত্র নং- যথাক্রমে ৩৯১, ৪০৩ তাং- ১১/৩/০৭, ১৯/১১/০৭ মূলে জারি করা সত্ত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি। ফলে সরকার বিপুল রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত **৮,৮৯,৩১৯/-** টাকা সংস্থার তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৯

**আপত্তির শিরোনাম ঃ** হাট বাজার ইজারা মূল্যের ৪% অর্থ ৬,৪৭,১৯৩/- টাকা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা এর সঞ্চয়ী হিসাব নং- ৫৬৩০ সোনালী ব্যাংক, মগবাজার শাখায় প্রেরণ করা হয়নি।

**বিষয়বস্তু ঃ** ৪টি পৌরসভার ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় ইজারা সংক্রান্ত নথিপত্র পর্যালোচনায় দেখা যায় ইজারা মূল্যের ৪% অর্থ বাবদ ৬,৪৭,১৯৩/- টাকা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা এর সঞ্চয়ী হিসাব নং- ৫৬৩০ সোনালী ব্যাংক, মগবাজার শাখায় প্রেরণ করা হয়নি।। বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট-' ৯ ' তে প্রদত্ত।

আলোচ্য ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের নিম্নোক্ত স্মারকের আদেশ প্রতিপালন করা হয়নি।

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ প্রশা-২ শাখার স্মারক নং প্রজেই-২/হ-২৩/২০০৩/১৮৮ (৫৫৬৪), তাং- ৬/৪/২০০৪

**অনিয়মের প্রকৃতি ঃ** সংস্থার আর্থিক ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** জমার ব্যবস্থা নেয়া হবে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** স্থানীয় অফিসের জবাব অনুযায়ী ব্যবস্থা গৃহীত না হওয়ায় বিষয়টি অগ্রিম অনুচ্ছেদ আকারে প্রশাসনিক মন্ত্রনালয় সহ সংশ্লিষ্ট পৌর চেয়ারম্যানদেরকে অবহিত করা হয়। একই বিষয়ে পরবর্তীতে তাগিদ সহ সর্বশেষ ব্যবস্থা হিসাবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের সচিব বরাবরে আধাসরকারি পত্র নং-৩৯১, ১১/৩/০৭, ৪০৩, ১৯/১১/০৭ জারি করা সত্ত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ** হাট বাজার ইজারা মূল্যের ৪% অর্থ ৬,৪৭,১৯৩/- টাকা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা এর সঞ্চয়ী হিসাব নং- ৫৬৩০ সোনালী ব্যাংক, মগবাজার শাখায় জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১০

**আপত্তির শিরোনাম ঃ** **কর্মচারীদের নামে পরিচালিত জীবন বীমা প্রিমিয়ামের ২,৭৫,৯২৭/- টাকা পৌর তহবিল থেকে পরিশোধ করায় সংস্থার ক্ষতি।**

**বিষয়বস্তু ঃ** **টঙ্গী পৌরসভা, টঙ্গী গাজীপুর কার্যালয়ের** ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, পৌরসভার **কর্মচারীদের নামে পরিচালিত জীবন বীমা প্রিমিয়ামের টাকা সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন হতে কর্তন না করে উক্ত অর্থ পৌর তহবিল থেকে পরিশোধ করায় ২,৭৫,৯২৭/-** টাকা সংস্থার ক্ষতি হয়েছে। **বিস্তারিত বিবরণ ৩য় খন্ডের পরিশিষ্ট '১০'** তে প্রদত্ত।

**অনিয়মের প্রকৃতি ঃ-** সংস্থার আর্থিক ক্ষতি।

**কর্তৃপক্ষের বক্তব্য ঃ** নিরীক্ষা জিজ্ঞাসার জবাবে কোন কোন স্থানীয় অফিস জানায় যে, ইতিমধ্যে কর্মচারীদের নামে পরিচালিত জীবন বীমার বিষয়টি বন্ধ করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জীবন বীমা প্রিমিয়ামের টাকা সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন হতে কর্তন করার প্রমাণক পাওয়া যায়নি। নিরীক্ষা আপত্তি অনুযায়ী ব্যবস্থা গৃহীত না হওয়ায় বিষয়টি গুরুত্বর আর্থিক অনিয়ম আকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করা হয়। পরবর্তীতে তাগিদসহ সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে আধা-সরকারি পত্র নং- ৩৯১ তাং- ১১/৩/০৭ জারি করা সত্ত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত **২,৭৫,৯২৭/-** টাকা অবিলম্বে সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন বিল হতে কর্তন করে পৌর তহবিলে জমা করা আবশ্যক।

স্বাক্ষরিত

মোঃ মোসলেম উদ্দীন
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

২৫-০১-১৪১৫ বঃ
০৮-০৫-২০০৮ খ্রিঃ

বাঃসঃমুঃ- ২০০৭/০৮-৪৪৮৯কম/এ-৭৫০বই, ২০০৮।